দৈনিক ইত্তেফাক
তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ১২ কলাম 2

27

# বরিশাল মেডিকেলে বোমাবাজি

বরিশাল অফিস ॥ হোষ্টেলের সিট বন্টন নীতির বিরোধিতা করিয়া ছাত্রলীগ (আ-অ) গতকাল (শনিবার) হোষ্টেল অঙ্গনে বিক্ষোভ প্রদর্শনকালে ৪/৫টি হাত বোমার বিস্ফোরণ ঘটে। তবে কেউ হতাহত হয় নাই। গত ৫/৬ মাস পূর্বে এই সিট বণ্টন নীতি অনু-

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বরিশাল মেডিকেলে

(শেষ পৃঃ পর.)

মোদিত হইলেও গতকাল ছিল উহা কার্যকরী করার নির্দিষ্ট দিন। ছাত্রলীগ এই নীতি মানিতে নারাজ। তাহাদের বক্তব্য এক কক্ষে ৫জন ছাত্রের বাস করা সম্ভব নয়। তাহারা ছাত্র সংঘর্ষের সময় এক নম্বর ছাত্রাবাসের ক্ষতিপূরণ এই নীতি বাস্তবায়নের পূর্বে পরিশোধের দাবী জানায়। অন্যদিকে ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্র ঐক্য ও ছাত্রশিবির ঐ নীতি বাস্তবায়নের জন্য শ্লোগান দিতে থাকে। উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে আজ (রবিবার) একাডেমীক কাউন্সিলের জরুরী সভা অনুষ্ঠিত হইবে।

### শহরে বোমাবাজী

এদিকে গতকাল দুপুরে ফকিরবাড়ী ও কালিবাড়ী সড়কের সংযোগস্থলে দুই দল তরুণের আধিপত্যের লড়াইয়ে একজন গুরুতর আহত হয়। ঐ সময় ৭/৮টি হাত বোমার বিস্ফোরণ ঘটে। রাতেও বোমা ফাটানো হয়।